

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এগ্রিকালচার উইং
পরিসংখ্যান ভবন (৭ম তলা, ব্লক-২)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

পাট ফসলের প্রাক্কলিত হিসাব ২০১৯-২০২০

পাট বাংলাদেশের একটি অন্যতম প্রধান অর্থকারী ফসল। অঞ্চল ভিত্তিক পাট চাষের প্রাধান্য বিবেচনায় দেশের অনেক জায়গায় কৃষকেরা পাট চাষ করে থাকে। কৃষকের সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে পাট ফসলের উৎপাদন ও ফলন হার সম্বন্ধে সম্যক ধারণা পাওয়া যায়। কৃষকের মতে আবহাওয়া অনুকূলে থাকায় পাটের ফলন হার এ বছরে বৃদ্ধি পেয়েছে।

আয়তন

২০১৯-২০২০ অর্থ বছরের পাট ফসলের মোট জমির আয়তনের প্রাক্কলিত হিসাব ৬,৭৯,৪৯৩ হেক্টর। যা গত বছরের তুলনায় ৯.৩৬% কম। ২০১৮-২০১৯ অর্থ বছরের পাশাপাশি ২০১৯-২০২০ অর্থ বছরের পাট ফসলের আয়তনের প্রাক্কলিত হিসাব নিম্নে সারণী আকারে দেওয়া হলোঃ

পাট ফসলের আয়তনের প্রাক্কলিত হিসাবঃ

২০২১৮-১৯		২০১৯-২০২০		গত বছরের তুলনায় জমির আয়তন হ্রাস/বৃদ্ধি(%)
আয়তন (একর)	আয়তন (হেক্টর)	আয়তন (একর)	আয়তন (হেক্টর)	
১৮,৫২,৪৭৯	৭,৪৯,৬৫৮	১৬,৭৯,০৯৬	৬,৭৯,৪৯৩	(-)৯.৩৬

ফলন হারঃ

২০১৯-২০২০ অর্থ বছরের ফলন হারের প্রাক্কলিত হিসাব ১১.৮৪০ বেল প্রতি হেক্টরে। যা গত বছরের তুলনায় ৩.৫০% বেশী। ২০১৮-২০১৯ অর্থ বছরের পাশাপাশি ২০১৯-২০২০ অর্থ বছরের পাট ফসলের ফলন হারের প্রাক্কলিত হিসাব নিম্নে সারণী আকারে দেওয়া হলোঃ

পাট ফসলের ফলন হারের প্রাক্কলিত হিসাবঃ

২০২১৮-১৯		২০১৯-২০২০		গত বছরের তুলনায় ফলন হারের হ্রাস/বৃদ্ধি(%)
একর প্রতি ফলন হার (বেল)	হেক্টর প্রতি ফলন হার (বেল)	একর প্রতি ফলন হার (বেল)	হেক্টর প্রতি ফলন হার (বেল)	
৪.৬৩	১১.৪৪০	৪.৭৯	১১.৮৪০	(+)৩.৫০


উৎপাদনঃ

২০১৯-২০২০ অর্থ বছরের পাট ফসলের মোট উৎপাদনের প্রাক্কলিত হিসাব ৮০,৪৫,১৯৭ বেল যা গত বছরের তুলনায় ৬.১৯% কম। ২০১৮-২০১৯ অর্থ বছরের পাশাপাশি ২০১৯-২০২০ অর্থ বছরের পাট ফসলের মোট উৎপাদন নিম্নে সারণী আকারে দেওয়া হলোঃ

পাট ফসলের মোট উৎপাদনের প্রাক্কলিত হিসাবঃ

২০১৮-১৯	২০১৯-২০	গত বছরের তুলনায় উৎপাদনের হ্রাস/বৃদ্ধি(%)
উৎপাদন (বেল)	উৎপাদন (বেল)	
৮৫,৭৬,০৮৭	৮০,৪৫,১৯৭	(-)৬.১৯

আয়তন, ফলনহার এবং উৎপাদনের প্রাক্কলিত হিসাব বিভাগ ও জেলা অনুযায়ী সারণী আকারে সংযুক্ত করা হলোঃ


আলাউদ্দিন আল আজাদ
পরিচালক

ফোন: ৮১৮১৪১৫

ইমেইল:director.agriculture@bbs.gov.bd

